গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী
ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com
Facebook page : Feni Govt. College, Feni.

তারিখ : ১৭/০৯/২০২২ খ্রি.

২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) শ্রেণিতে
প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি
ভর্তি বিষয়ক ওয়েবসাইট: www.nu.ac.bd/admissions

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিভাগসমূহে ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য আবেদন করা যাবে :

১। বিএ	২। বিএসএস	৩। বিবিএস	৪। বিএসসি

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৭/২০১৮/২০১৯ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০১৯/২০২০/২০২১ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস্ ম্যানেজমেন্ট) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

গ) ২০১৭/২০১৮/২০১৯ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০১৯/২০২০/২০২১ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঘ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের (বাংলাদেশের নাগরিক হতে হবে) ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, বোর্ড কর্তৃক সমতা নিরূপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯-২০২০ অথবা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।

চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd/admissions এ লগইন করে আগামী ১৮/০৯/২০২২ খ্রি. থেকে ১১/১০/২০২২ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফরম এর প্রিন্ট/ পিডিএফ কপি প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

প্রিন্টকৃত আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার প্রয়োজন নেই।

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি:

(বিকাশ/রকেট/নগদ/সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার এর মাধ্যমে জমা দেওয়া যাবে।)

Sonali Bill Payment System ক্লিক করে অথবা
https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application
অপশান লগ ইন করে ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেকশন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে তার রশিদ সংরক্ষণ করতে হবে। (টাকা পেমেন্ট করার পর ফরম এর ভর্তি রোল এর সাথে টাকা পেমেন্টের ভর্তির রোল মিলিয়ে দেখতে হবে।) ভুলত্রুটি পরীলক্ষিত হলে (যোগাযোগ : ০১৬২১৬৩৫৪৭৫)

(মোবাইল ব্যাংকিং এর টাকা কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে)

*** প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর অবশ্যই মোবাইল ব্যাংকি এর মাধ্যমে ২৫০/- টাকা (১২/১০/২০২২) খ্রি. তারিখ এর মধ্যে জমা দিতে হবে অন্যথায় ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির আবেদন ফরম এর **Confirmation Massage** আগামী ১১/১০/২০২২ খ্রি. তারিখের মধ্যে না গেলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের **Admission Panel (http://app1.nu.edu.bd/)** এর **Applicant's Login (Degree Pass login)** অপশনে **Admission Roll** ও **Pin Number** দিয়ে **Login** করলে প্রাপ্ত **Panel** এ **View Application** অপশনে **Status: Received** থাকলে কলেজ কর্তৃক **Received** হয়েছে।

View Application অপশনে **Status: Submitted** থাকলে আগামী ১১/১০/২০২২ খ্রি. তারিখ দুপুর ২.০০ টার মধ্যে প্রশাসনিক ভবন এর নিচ তলায় ১০৬ নং কম্পিউটার কক্ষে যোগাযোগ করার জন্য নির্দেশ দেওয়া গেল।

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা পেমেন্ট এর নিম্নলিখিত ধাপসমূহ অনুসুরণ পূর্বক ১১/১০/২০২২ খ্রি. তারিখ এর মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে **https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/**



অপশান লগ ইন করে ভর্তি ফরম এর ভর্তির রোল ও ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেক্ট করে (সোনালী ব্যাংক **Account** ট্রান্সফার)/মোবাইল ব্যাংকিং **Rocket/bkash/Nagad/tap/**কার্ড **Nexus/Amex/VISA/MASTER** এর মাধ্যমে টাকা জমা দিতে হবে। জমা দিয়ে প্রাথমিক আবেদন নিশ্চায়ন করতে হবে। অন্যথায়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।

প্রয়োজনে : ০১৬২১৬৩৫৪৭৫

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ,ফেনী
ফেনী সরকারী কলেজ, ফেনী।